

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০৭

২২ অক্টোবর ২০২০
তারিখ : -----
০৬ কার্তিক ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডার

প্রিয় মহোদয়,

ন্যাশনাল পেমেন্ট স্যুইচ বাংলাদেশ (এনপিএসবি) এর মাধ্যমে ব্যাংক এবং
এমএফএস প্রোভাইডারদের মধ্যে **Interoperable** লেনদেন চালুকরণ প্রসঙ্গে।

দেশে নগদ অর্থ লেনদেন হ্রাসের লক্ষ্যে এনপিএসবি অবকাঠামো ব্যবহার করে সকল ব্যাংক এবং এমএফএস প্রোভাইডারদের মধ্যে Interoperable লেনদেন বাস্তবায়নের কাজ চলছে। এ কার্যক্রমের অংশ হিসেবে Interoperable লেনদেন চালু করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

- (১) সফলভাবে Pilot Testing সম্পন্নকারী ব্যাংক ও এমএফএস প্রোভাইডারসমূহ ২৭ অক্টোবর ২০২০ তারিখ হতে Interoperable ব্যবস্থায় Live লেনদেন শুরু করবে;
- (২) যে সকল ব্যাংক ও এমএফএস প্রোভাইডার অদ্যাবধি Interoperability সংক্রান্ত প্রস্তুতি সম্পন্ন করতে পারেনি তাদেরকে ৩১ মার্চ ২০২১ তারিখের মধ্যে Interoperable ব্যবস্থায় Live লেনদেন শুরু করতে হবে; এবং
- (৩) Interoperable ব্যবস্থা বাস্তবায়নের প্রথম ধাপে এক এমএফএস হিসাব হতে অন্য এমএফএস হিসাবে, এমএফএস হিসাব হতে ব্যাংক হিসাবে এবং ব্যাংক হিসাব হতে এমএফএস হিসাবে অর্থ স্থানান্তরের ক্ষেত্রে লেনদেনকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে নিম্নোক্ত হারে ইন্টারচেঞ্জ ফি প্রযোজ্য হবে :
 - ক. এক এমএফএস প্রোভাইডারের হিসাব হতে অন্য এমএফএস প্রোভাইডারের (পি-টু-পি) হিসাবে অর্থ স্থানান্তরের ক্ষেত্রে প্রাপক এমএফএস প্রোভাইডার প্রেরক এমএফএস প্রোভাইডার-কে সাকুল্যে লেনদেনকৃত অর্থের ০.৮০% ফি প্রদান করবে;
 - খ. ব্যাংক হিসাব হতে এমএফএস হিসাবে এবং এমএফএস হিসাব হতে ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তরের উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট এমএফএস প্রোভাইডার সংশ্লিষ্ট ব্যাংক-কে সাকুল্যে লেনদেনকৃত অর্থের ০.৪৫% ফি প্রদান করবে; এবং
 - গ. Interoperable লেনদেনের জন্য অংশগ্রহণকারী ব্যাংক ও এমএফএস গ্রাহক পর্যায়ে বিদ্যমান লেনদেন ফি-এর অতিরিক্ত কোন চার্জ ধার্য করতে পারবে না।

Interoperable ব্যবস্থায় লেনদেনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/এমএফএস হিসাবের প্রকরণ অনুসারে নির্ধারিত লেনদেন সীমা প্রযোজ্য হবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মেজবাবুল হক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৪